

স্মারক নং- ৩৪.০১.৩৮০০.০০১.৩৭.২০৮.১৫-১৭৭

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০ বাং
০৭ মার্চ ২০২৪ খ্রিঃ

“ভর্তি বিজ্ঞপ্তি”

উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট জেলা কার্যালয় কর্তৃক পরিচালিত ২০২৩-২০২৪ অর্থ বছরে ৪র্থ ব্যাচে “পোষাক তৈরী” প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য আগ্রহী বেকার যুবক ও যুব নারীদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	কোর্সের নাম	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	কোর্স ফি	দরখাস্ত জমাদানের শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ	প্রশিক্ষণ শুরুর তারিখ
০১	পোষাক তৈরী	ন্যূনতম ৮ম শ্রেণী	০৩ মাস	২৫	৫০.০০	২৫.০৩.২০২৪	২৭.০৩.২০২৪	০১.০৪.২০২৪

ভর্তির শর্তাবলী:

- ০১। যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ফরমে/ অনলাইনে উল্লিখিত তারিখের মধ্যে দরখাস্ত করতে হবে। ক্রটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ০২। আবেদনপত্রের সাথে: (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি (সত্যায়িত) (খ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (গ) জন্ম নিবন্ধন সনদপত্র অথবা ভোটার আইডি কার্ডের ফটোকপি (সত্যায়িত) (ঘ) সদ্যতোলা ০২ কপি পাসপোর্ট (সত্যায়িত) সাইজের ছবি জমা দিতে হবে।
- ০৩। ০৭/০৩/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।
- ০৪। ভর্তিকৃত প্রশিক্ষার্থীগণকে অবশ্যই অত্র কার্যালয়ের (প্রশিক্ষণ) নিয়ম-কানুন মেনে চলতে হবে এবং নিয়মিত ক্লাসে হাজির থাকতে হবে। প্রশিক্ষণ চলাকালিন ৩ (তিন) দিনের বেশি অনুপস্থিত থাকলে ড্রপআউট বলে গণ্য হবে।
- ০৫। মুক্তিযোদ্ধার সন্তান-সন্ততি ও পোষা, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃগোষ্ঠী ও যুব সংগঠন কর্তৃক মনোনীত প্রার্থীগণকে ভর্তির জন্য অগ্রাধিকার দেয়া হবে।
- ০৬। ভর্তির জন্য সাক্ষাৎকারের নিমিত্ত নির্ধারিত তারিখে উপপরিচালকের কার্যালয়ে নির্বাচনী বোর্ডের সামনে মূল কাগজপত্রসহ হাজির হতে হবে। অন্যথায় ভর্তির জন্য মনোনীত করা যাবে না।
- ০৭। প্রশিক্ষণ কোর্সটি অনাবাসিক। সাক্ষাৎকার গ্রহণের জন্য প্রার্থীগণকে কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। ভর্তির ব্যাপারে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৮। নির্বাচিত প্রার্থীগণকে নির্ধারিত কোর্স ফি (অফেরৎযোগ্য) জমা দিয়ে ভর্তি হতে হবে।
- ০৯। অনলাইনে আবেদন পদ্ধতি: <http://dyd.nise.gov.bd/courses> ঠিকানায় প্রবেশ করে প্রয়োজনীয় তথ্যাদি পূরণপূর্বক আবেদনের হার্ডকপি প্রিন্ট করে/সরাসরি ফরম সংগ্রহপূর্বক পূরণ করে সংশ্লিষ্ট প্রশিক্ষণ শাখায় জমা দিতে হবে।
- ১০। দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধী, অটিস্টিক ও হিজড়াদের জন্য ৫% কোটা সংরক্ষণে কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তি সুযোগ রয়েছে।
- ১১। প্রশিক্ষার্থীদের জনপ্রতি ১০০/- টাকা হারে দৈনিক উপস্থিতির ভিত্তিতে বাজেট প্রাপ্তি সাপেক্ষে যাতায়াত ভাত প্রদান করা হবে।
- ১২। ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষার্থীগণকে মোবাইল নম্বর, Facebook ID, Whatsapp No & E-mail Id আবশ্যিকভাবে দিতে হবে।
- ১৩। কর্তৃপক্ষ প্রয়োজন বোধে প্রশিক্ষার্থী কম বেশি করতে পারবে।
- ১৪। ২৭.০৩.২০২৪ খ্রিঃ তারিখে সকাল ১০.০০ ঘটিকা থেকে সাক্ষাৎকার শুরু হবে।

০৭/০৩/২০২৪

(মো: মতিয়ার রহমান)

উপপরিচালক

ফোন- ০২৫৮৯৯১৫৮৬১

ddjoypurhat@dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.৩৮০০.০০১.৩৭.২০৮.১৫-১৭৭

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০ বাং
০৭ মার্চ ২০২৪ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ০১। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ০২। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মেয়র, জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/ আক্কেলপুর/ কালাই/ পাঁচবিবি/ ক্ষেতলাল, জয়পুরহাট।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০৫। অধ্যক্ষ, জয়পুরহাট।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট সদর/ আক্কেলপুর/ কালাই/ পাঁচবিবি/ ক্ষেতলাল, জয়পুরহাট।
- ০৭। সভাপতি/সাধারণ সম্পাদক, জয়পুরহাট
- ০৮। নোটিশ বোর্ড, অত্র অফিস/অফিস কপি/গার্ড ফাইল।

০৭/০৩/২০২৩

এ.কে.এম রওশন আলম

সহকারী পরিচালক